

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৩।

নং- ১০.০০.০০০০.১২৭.৯৯.০০৫.২১.৫৬৭

তারিখ : ২৯ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ
১৪ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

বিষয় : ইউনিয়ন পরিষদ নির্বাচন সম্পর্কিত বিরোধ নিষ্পত্তির লক্ষ্যে “নির্বাচনি ট্রাইব্যুনাল” গঠনের উদ্দেশ্যে মনোনয়ন পরিবর্তন প্রসঙ্গে।

সূত্র : ১) স্মারক নং-১ই-৫১/২০০২(অংশ-৩)-৬৪৮৫ জে, তারিখ-১১/১১/২০২১, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২) নং-১০.০০.০০০০.১২৭.৯৯.০০৫.২১.৫২২, তারিখ : ৩১/১০/২০২১ খ্রিঃ, আইন ও বিচার বিভাগ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ০২/১১/২০২১ ও ০৯/১১/২০২১ খ্রিস্টাব্দে চট্টগ্রাম জেলার (সীতাকুন্ড উপজেলার ০৯ টি, মীরসরাই উপজেলার ১৬ টি, ফটিকছড়ি উপজেলার ১৪ টি) মোট ৩৯ টি ইউনিয়ন পরিষদ নির্বাচন, খাগড়াছড়ি জেলার (মাটিরাঙ্গা উপজেলার ৭ টি, গুইমারা উপজেলার ৩ টি) মোট ১০ টি ইউনিয়ন পরিষদ নির্বাচন এবং রাঙ্গামাটি জেলার (বরকল উপজেলার ৪ টি, বিলাইছড়ি উপজেলা ৩ টি, কাপ্তাই উপজেলার ৪ টি) মোট ১১ টি ইউনিয়ন পরিষদ নির্বাচনে নির্বাচনি বিরোধ সংক্রান্ত দরখাস্ত/আপিল গ্রহণ, ওনানী ও নিষ্পত্তির লক্ষ্যে “নির্বাচনি ট্রাইব্যুনাল” গঠন সংক্রান্ত সূত্রোক্ত ২নং পত্রে বর্ণিত ছকের ৫৩, ৬১ ও ৬২ নং ক্রমিকের ইতোপূর্বের মনোনয়ন বাতিলপূর্বক বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে তদস্থলে সিনিয়র সহকারী জজ, ১ম আদালত, চট্টগ্রামকে (নামের পরিবর্তে পদবি উল্লেখপূর্বক) মনোনয়ন প্রদান করা হলো।


(মোঃ শাহাবুদ্দিন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ২২৩৩৫৬৬৩১।

সচিব
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা।

দৃঃ আঃ উপসচিব (আইন)।

সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ২। জেলা ও দায়রা জজ, চট্টগ্রাম/রাঙ্গামাটি/খাগড়াছড়ি।
- ৩। সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৪। সিনিয়র সহকারী জজ, ১ম আদালত, চট্টগ্রাম।
- ৫। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, চট্টগ্রাম/রাঙ্গামাটি/খাগড়াছড়ি।
- ৬। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৭। গার্ড ফাইল।
- ৮। অফিস কপি।